

ইতিহাস নবম শ্রেণি

অধ্যায় : শিল্প বিপ্লব, উপনিবেশবাদ, সাম্রাজ্যবাদ

1. শিল্প বিপ্লবের সঙ্গে যুক্ত বৈজ্ঞানিক/প্রযুক্তিগত আবিষ্কার।

উঃ

আবিষ্কার	আবিষ্কারক	সময়কাল	ব্যবহার
উড়ন্ত মাকু	জন কে	১৭৩৩ খ্রিঃ	সুতো কাটা ও বোনার ক্ষেত্রে ব্যবহার করা হত।
ব্লাস্ট ফার্নেস	জন স্মিটন	১৭৬০ খ্রিঃ	সস্তায় ও দ্রুতগতিতে লোহা গলাবার চুল্লি আবিষ্কারের পর ইংলান্ডে লৌহযুগের সূচনা হয়।
স্পিনিং জেনি	জেমস হারগ্রিভস	১৭৬৫ খ্রিঃ	বস্ত্রশিল্পে সুতো উৎপাদনের ক্ষেত্রে ব্যবহৃত হত।
ওয়াটার ফ্রেম	রিচার্ড আর্করাইট	১৭৬৯ খ্রিঃ	বস্ত্রশিল্পে ব্যবহৃত হত।
স্টিম ইঞ্জিন/ বাষ্পচালিত ইঞ্জিন	জেমস ওয়াট	১৭৬৯ খ্রিঃ	শিল্প ও পরিবহণ যোগাযোগের মাধ্যম হিসেবে এর ব্যবহার শুরু হয় বিশেষত রেলগাড়ি চালাতে।
মিউল	স্যামুয়েল ক্রম্পটন	১৭৭৯ খ্রিঃ	বস্ত্রশিল্পে ব্যবহৃত হত। (বিশেষত সুতো উৎপাদনে)
পাওয়ার লুম	এডমড কার্টরাইট	১৭৮৭ খ্রিঃ	বস্ত্রশিল্পে ব্যবহার করা হত।
পিচ ঢালা রাস্তা	জন ম্যাকাডাম	১৮১১ খ্রিঃ	পাথরকুচি ও পিচের দ্বারা মজবুত রাস্তা নির্মাণ।
স্টিম লোকোমোটিভ 'রকেট'/বাষ্পচালিত রেল গাড়ির ইঞ্জিন	জর্জ স্টিফেনসন	১৮১৪ খ্রিঃ	ইংলান্ডে প্রথম আন্তঃশহর রেলপথ নির্মাণ ও চলাচলের ক্ষেত্রে এই ইঞ্জিন ব্যবহৃত হয়। স্টিফেনসনকে তাই 'রেলপথের জনক' বলা হয়।
সেফটি ল্যাম্প/ নিরাপত্তা বাতি	হামফ্রি ডেভি	১৮১৫ খ্রিঃ	খনিতে কাজ করা শ্রমিকদের জন্য অপেক্ষাকৃত সহজ ও কম বিপজ্জনক হয় এই বাতি ব্যবহারের ফলশ্রুতি।

2. সমাজতন্ত্রবাদ কী?

উঃ শিল্পবিপ্লবের ফলে মালিকশ্রেণি শ্রমিকশ্রেণিকে শোষণ করে নিজেদের অধীনে অর্থের পাহাড় গড়ে তোলে। এই অসাম্যের কথা প্রথম তুলে ধরেন টমাস ম্যুর, রবার্ট আওয়েন, সেন্ট সাইমন প্রমুখ আদি সমাজতন্ত্রবিদগণ। এই আদর্শকে সমাজতন্ত্রবাদ বলে। কিন্তু আদি সমাজতন্ত্রবিদগণ এই অসাম্য দূর করার কোনো পথ বলতে পারেননি। এইজন্য তাঁদের কে ইউটোপিয়ান সমাজতন্ত্রবিদ বলে।

কার্লমার্কস প্রথম এই অসাম্য দূর করার পথ বাতলে দিয়েছিলেন। তাই তাঁর মতবাদকে বৈজ্ঞানিক সমাজতন্ত্রবাদ বলে।